বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-৯৫৭৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২০-২০২১/১৪১০ তারিখঃ ১৩ এপ্রিল ২০২১

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক,
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর ৩০ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ, ১৩ এপ্রিল, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৫ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উপরোক্ত সার্কুলার লেটার এর মাধ্যমে করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতি পর্যালোচনায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ এপ্রিল ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৪ নং স্মারকের প্রদত্ত নির্দেশনার প্রেক্ষিতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতিত ব্যাংক খোলা রাখার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক এর উপরোক্ত সার্কুলারের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ/পরিপালন করে ব্যাংকের সংশ্লিষ্ট শাখা ও কার্যালয়সমূহ খোলা রেখে প্রয়োজনীয় ব্যাংকিং সেবা নিশ্চিত করার জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

- বিধি-নিষেধ চলাকালে স্থানীয় মুখ্য কার্যালয়, সকল অনুমোদিত ডিলার (এডি) শাখা, জেলা সদরে অবস্থিত ব্যাংকের প্রধান শাখা, সিটি কর্পোরেশন এলাকাধীন শাখা সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতিত সকল কর্মদিবসে খোলা থাকবে। তাছাড়া উপজেলা শাখাসমূহ প্রতি বৃহস্পতিবার, রবিবার ও মঙ্গলবার খোলা থাকবে।
- সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত দৈনন্দিন লেনদেন এবং লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য অপরাহ্ন ২.৩০ ঘটিকা পর্যন্ত খোলা থাকবে।
- ব্যাংকের অন্যান্য কার্যালয়সহ প্রধান কার্যালয়ের সকল বিভাগ সকাল ১০.০০ ঘটিকা হতে অপরাহ্ন ২.৩০ ঘটিকা খোলা থাকবে।
- স্বাস্থ্যবিধি পরিপালনপূর্বক রোষ্টারিং এর মাধ্যমে প্রয়োজনীয় ও সীমিত লোকবলের দ্বারা ব্যাংকিং সেবা নিশ্চিত করতে হবে।
- বিধি-নিষেধ চলাকালে যে সকল শাখা বন্ধ থাকবে সে সকল শাখার গ্রাহকগণ নিকটবর্তী যে শাখা হতে ব্যাংকিং সেবা (নগদ জমা/উত্তোলন) গ্রহন করবে সে শাখার নাম ও ঠিকানা উল্লেখপূর্বক নোটিশ/ব্যানার শাখার দৃশ্যমান স্থানে টানাতে হবে।
- সকল কর্মকর্তা/কর্মচারীকে আবশ্যিকভাবে নিজ নিজ কর্মস্থলে অবস্থান করতে হবে।

০৪। এছাড়াও, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর ৩০ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ, ১৩ এপ্রিল, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৫ এর অন্যান্য নির্দেশনাসমূহ যথাযথ পরিপালন নিশ্চিত করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

১৩/০৪/২০২১

(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২০-২০২১/১৪১০ তারিখঃ ১৩ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো। প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগকে প্রধান কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের পরিবহন ব্যবস্থা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

১৩/০৪/২১

(মোঃ শাহরিয়ার মাহমুদ চৌধুরী)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

C:\Users\bkb\Desktop\সীমিত ব্যাংকিং স্পস্টিকরণ(1).doc

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৫

তারিখ : ৩০ চৈত্র ১৪২৭ / ১৩ এপ্রিল ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ এপ্রিল ২০২১ তারিখের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৪ এর আলোকে উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত ১২ এপ্রিল ২০২১ এর ডিওএস সার্কুলার লেটার নং-১৩ এর নির্দেশনা রহিত করে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলো:

০১। ১৪ এপ্রিল ২০২১ হতে ২১ এপ্রিল ২০২১ সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত দৈনিক ব্যাংকিং সময়সূচী সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করা হলো। এক্ষেত্রে লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট ব্যাংক শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনে অপরাহ্ন ২:৩০ পর্যন্ত খোলা রাখা যাবে।

০২। বিধি-নিষেধ চলাকালে ব্যাংকের স্থানীয় কার্যালয়/প্রধান শাখাসহ সকল অনুমোদিত ডিলার (এডি) শাখা ও জেলা সদরে অবস্থিত ব্যাংকের প্রধান শাখা খোলা রাখতে হবে। সিটি কর্পোরেশন এলাকাধীন প্রতি ০২ (দুই) কিলোমিটারের মধ্যে কেবল একটি শাখা (এডি শাখা না থাকলে) খোলা রাখতে হবে। তাছাড়া, এ সময়ে উপজেলা পর্যায়ে কার্যরত প্রতিটি ব্যাংকের একটি শাখা বৃহস্পতিবার, রবিবার এবং মঙ্গলবারে খোলা রাখতে হবে। ব্যাংকের কর্মকর্তা/কর্মচারিদের স্ব স্ব অফিসে আনা-নেয়ার জন্য সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। গ্রাহকদের হিসাবে সর্বপ্রকার জমা এবং উত্তোলন, ডিমান্ড ড্রাফট/পে-অর্ডার ইস্যু ও জমা গ্রহণ, ট্রেজারি চালান গ্রহণ, সরকারের বিভিন্ন সামাজিক কার্যক্রমের আওতায় প্রদত্ত ভাতা/অনুদান বিতরণ, বৈদেশিক রেমিট্যান্সের অর্থ পরিশোধ, অভ্যন্তরীণ ও আন্তঃশাখা অর্থ স্থানান্তর, এনআরবি বন্ড এবং বিভিন্ন প্রকার জাতীয় সঞ্চয় সার্টিফিকেটের মেয়াদপূর্তীতে নগদায়ন ও কুপনের অর্থ পরিশোধ, প্রযোজ্য ক্ষেত্রে ইউটিলিটি (যথা: গ্যাস/পানি/বিদ্যুৎ/টেলিফোন) বিল গ্রহণসহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক চালু রাখা বিভিন্ন পেমেন্ট সিস্টেমের/ক্লিয়ারিং ব্যবস্থার আওতাধীন অন্যান্য লেনদেন সুবিধা প্রদান নিশ্চিত করতে হবে।

০৪। সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপ-শাখা/বুথসমূহ সার্বক্ষণিক খোলা রাখার বিষয়ে আগস্ট ০৫, ২০১৯ এ জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিতপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চলমান পাতা-০২

০৫। বিধি-নিষেধ চলাকালে যে সকল শাখা বন্ধ থাকবে সে সকল শাখার গ্রাহক সেবা কার্যক্রম খোলা রাখা শাখার মাধ্যমে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বন্ধকৃত শাখার গ্রাহকগণের গ্রাহক সেবা প্রাপ্তি বিষয়ে অবহিত করতে উক্ত শাখার দৃশ্যমান স্থানে তা বিজ্ঞপ্তি আকারে প্রদর্শন নিশ্চিত করতে হবে।

০৬। সকল খোলা রাখা শাখার ক্ষেত্রে স্বাস্থ্যবিধি পরিপালনপূর্বক রোস্টারিং এর মাধ্যমে প্রয়োজনীয় ও সীমিত লোকবলের দ্বারা ব্যাংকিং সেবা নিশ্চিত করতে হবে।

০৭। এটিএম ও কার্ডের মাধ্যমে লেনদেন চালু রাখার সুবিধার্থে এটিএম বুথগুলোতে পর্যাপ্ত নোট সরবরাহসহ প্রযোজ্য ক্ষেত্রে ইন্টারনেট ব্যাংকিং সুবিধা সার্বক্ষণিক চালু রাখার ব্যবস্থা গ্রহণ এবং এটিএম বুথগুলোতে প্রয়োজনীয় স্বাস্থ্য সুরক্ষা/স্যানিটাইজেশন ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯৩